



এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- ১০

১৪ ডিসেম্বর ২০২১

তারিখঃ -----

২৯ অগ্রহায়ণ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

**কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কিম নীতিমালা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ২৭ জুলাই ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৩ এবং ০১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই (CMSME) খাতের উদ্যোক্তাদের জন্য চলতি মূলধন বাবদ ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধার আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) খাতে সহায়ক জামানতবিহীন সম্ভাবনাময় উদ্যোক্তাদের ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এর মাধ্যমে CMS খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। পরবর্তীতে, এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২১ এর মাধ্যমে ক্রেডিট গ্যারান্টি স্কিম সুবিধা চলতি মূলধন ঋণ/বিনিয়োগ এর পাশাপাশি মেয়াদী ঋণ/বিনিয়োগের জন্যও প্রযোজ্য হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। অন্যদিকে, 'Manual of Credit Guarantee Scheme' এর অনুচ্ছেদ নং- 6.2.4-এ ক্রেডিট গ্যারান্টি প্রাপ্তির লক্ষ্যে সিজিএস ইউনিট হতে রেজিস্ট্রেশন এর পর সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যথাযথ ডকুমেন্টেশন সম্পন্ন করে সংশ্লিষ্ট উদ্যোক্তার অনুকূলে ঋণ/বিনিয়োগ সুবিধা মঞ্জুরীপূর্বক বিতরণ করার নির্দেশনা রয়েছে। কিন্তু, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব দ্বিতীয় দফায় বৃদ্ধির কারণে সরকারি নির্দেশনা মোতাবেক ব্যাংকিং কার্যক্রম সীমিত আকারে চালু থাকায় কোন কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড সচল রাখার লক্ষ্যে পিএফআই চুক্তি সম্পাদনের পূর্বেই সহায়ক জামানতবিহীন ঋণ/বিনিয়োগ বিতরণ করেছে। পিএফআই চুক্তি সম্পাদনের পূর্বে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সহায়ক জামানতবিহীন ঋণ/বিনিয়োগ বিতরণ করায় অর্থনীতি পুনরুদ্ধার কার্যক্রম বেগবান হয়েছে। এ প্রেক্ষিতে, সিএমএসএমই খাতের জন্য প্রদত্ত বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধার আওতায় CMS খাতে ইতোমধ্যে বিতরণকৃত জামানতবিহীন ঋণ/বিনিয়োগের বিপরীতেও ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করা হলে তা আর্থিক খাতে স্থিতিশীলতা বজায় রাখতে সহায়ক ভূমিকা পালন করবে।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, সিএমএসএমই খাতের জন্য প্রদত্ত ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা দ্রুত বাস্তবায়নের মাধ্যমে দেশের অর্থনীতি পুনরুদ্ধার কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

(ক) সিএমএসএমই খাতের জন্য প্রদত্ত বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধার আওতায় CMS খাতে ইতোমধ্যে বিতরণকৃত জামানতবিহীন ঋণ/বিনিয়োগের বিপরীতে ২০২১ সালের পোর্টফোলিও গ্যারান্টি লিমিটের অধীনে গ্যারান্টি রেজিস্ট্রেশন গ্রহণের জন্য পিএফআইসমূহ সিজিএস ইউনিট বরাবর আবেদন করতে পারবে;

(খ) মেয়াদী ঋণ/বিনিয়োগ এর বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করার ক্ষেত্রে Manual of Credit Guarantee Scheme এ বর্ণিত 'মেয়াদী ঋণ/বিনিয়োগ' (Term Loan/Investment) সুবিধা সংক্রান্ত নীতিমালা এবং এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এর অনুচ্ছেদ নং- ৩ এ বর্ণিত গ্যারান্টি ফি বিষয়ক নির্দেশনা প্রযোজ্য হবে; এবং

(গ) উল্লিখিত নির্দেশনা ব্যতীত এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এবং Manual of Credit Guarantee Scheme এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(এসএম মোহসীন হোসেন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২২১